

রাকসুতে ভোট প্রদানের হার ৬৯.৮৩ শতাংশ, সন্তোষজনক বলছে প্রশাসন

স্টাফ রিপোর্টার, রাজশাহী

প্রকাশিত: ২২:২৩, ১৬ অক্টোবর ২০২৫



ছবি: জনকণ্ঠ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত রাকসু নির্বাচনে মোট ২৮ হাজার ৯ শ' ৯ জন ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ২০ হাজার ১ শ' ৮৭ জন। ভোটগ্রহণে গড় উপস্থিতি ছিল ৬৯ দশমিক ৮৩ শতাংশ।

রাকসু নির্বাচন কমিশন সূত্র জানায়, সর্বোচ্চ ভোটার উপস্থিতি দেখা গেছে সৈয়দ আমের আলী হলে, যেখানে ভোট পড়েছে ৭৭ দশমিক ৭৮ শতাংশ। এর পরেই রয়েছে শাহ মখদুম হলে ৭৭ দশমিক ৭১ শতাংশ এবং হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে ৭৭ দশমিক ৬০ শতাংশ ভোটার অংশগ্রহণ করেছেন।

অন্যদিকে সর্বনিম্ন ভোট পড়েছে রোকেয়া হলে, মাত্র ৫৯ দশমিক ৬০ শতাংশ। রহামাতুন্নেছা হলে ভোট পড়েছে ৬০ দশমিক ৭০ শতাংশ, আর বেগম খালেদা জিয়া হলে ৬১ দশমিক ৪৯ শতাংশ ভোটের অংশ নিয়েছেন।

এবারের নির্বাচনে মোট ভোটদানের হারকে প্রশাসন সন্তোষজনক বলে জানিয়েছে।

এদিকে রাকসু, হল সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের ভোট গ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন নির্বাচন পর্যবেক্ষণ দলের সভাপতি অধ্যাপক রফিকুল ইসলাম।

সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ে প্রশাসন ভবনের কনফারেন্স কক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

অধ্যাপক রফিকুল ইসলাম বলেন, ‘আমরা নির্বাচনে ভোটের কার্যক্রম পর্যবেক্ষণ করে কোনো অসংগতি পাইনি। ভোট গ্রহণ অংশগ্রহণমূলক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তবে কিছু ভোটকেন্দ্রে ভোটের বেশি হওয়ার কারণে অব্যবস্থাপনা লক্ষ্য করা গেছে।’

আলীম